গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

আঞ্চলিক তথ্য অফিস, সিলেট

তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়

তথ্য অধিদফতর

স্মারক: ১৫.৫২.৬০৯১.০২৩.১৭.০৫০.২২-১২৬৫

তারিখ ২২.১২.২০২৪ খ্রিস্টাব্দ

সিলেটের স্থানীয় বিভিন্ন পত্র-পত্রিকায় সংবাদ, নিবন্ধ, সম্পাদকীয়, উপ-সম্পাদকীয় ও পাঠকের চিঠির মাধ্যমে সরকারের নীতি ও কার্যক্রমের যে সব আলোচনা ও পর্যালোচনা করা হয়েছে তা সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

জনস্বার্থে কিছু প্রকাশ করার প্রয়োজন থাকলে আঞ্চলিক তথ্য অফিস, সিলেট (টেলিফোন: ৯৯৭৭০১৫৪০-৩) এবং তথ্য অধিদফতরের ভবন নং ৯ এর ২০৬ নং সংবাদ কক্ষের সঙ্গে (টেলিফোন: ৯৫৪০০১৯, ৯৫১৪৯৮৮, ৯৫১২২৪৬ ফ্যাক্স: ৯৫৪০৯৪২, ৯৫৪০০২৬ ই-মেইল: pidsylhet@gmail.com, piddhaka@gmail.com, piddhaka@yahoo.com যোগাযোগ করার অনুরোধ করা হলো।

সংযুক্তি: ০৪ (চার) পাতা

মাসুদ পারভেজ 22/12/24

মো. মাসুদ পারভেজ
সহকারী তথ্য অফিসার
উপপ্রধান তথ্য অফিসারের পক্ষে
ফোন- ০১৭১৭-৬৩৮৮৯৬

বিতরণ:

০১। বিভাগীয় কমিশনার, সিলেট

০২। ডিআইজি, সিলেট

০৩। মেট্রোপলিটন পুলিশ কমিশনার, সিলেট

০৪। জেলা প্রশাসক, সিলেট, হবিগঞ্জ, মৌলভীবাজার, সুনামগঞ্জ

০৫। পুলিশ সুপার সিলেট, হবিগঞ্জ, মৌলভীবাজার, সুনামগঞ্জ

অনুলিপি:

০১। প্রধান তথ্য অফিসার, তথ্য অধিদফতর, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

০২। সংশ্লিষ্ট নথি

৩৫০/৬, খোজারখলা স্কয়ার, দক্ষিণ সুরমা, সিলেট
সংবাদকক্ষ ঃ ০২৯৯৭৭০১৫৪৩, E-mail : pidsylhet@gmail.com

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

আঞ্চলিক তথ্য অফিস, সিলেট

তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়

তথ্য অধিদফতর

সংবাদ গতিধারা

স্থানীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয় 'র সারসংক্ষেপ; গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার:

সংখ্যা ১১৪/২০২৪

সিলেট, রবিবার ০৭ পৌষ ১৪৩১, ২২ ডিসেম্বর ২০২৪

আজকের স্থানীয় দৈনিক পত্রিকাগুলোর প্রধান খবর বা শিরোনাম

০১। অন্তর্বর্তী সরকার প্রতিবন্ধকতা কাটিয়ে বিনিয়োগ বান্ধব পরিবেশ তৈরি করছে: বিডা'র নির্বাহী চেয়ারম্যান

০২। পুলিশকে রাজনৈতিক কু-প্রভাবমুক্ত রাখতে চাই: বাংলাদেশ পুলিশের মহাপরিদর্শক

০৩। ছাত্র-আন্দোলনে শহিদদের খসড়া তালিকায় সিলেটের ৩১ জন

০৪। অফিসের নিয়ম ও ব্যবস্থাপনা মেনে চলার আহ্বান: সিকৃবি উপাচার্য

০৫। দেশের উন্নয়ন ও অগ্রগতিতে সঠিকভাবে কর ও ভ্যাট প্রদান অত্যন্ত গুরুত্বপূর্ণ: কর কমিশনার

৩৫০/৬, খোজারখলা স্কয়ার,দক্ষিণ সুরমা, সিলেট

সংবাদকক্ষ ঃ ০২৯৯৭৭০১৫৪৩, E-mail : pidsylhet@gmail.com

বিস্তারিত সংবাদ

০১. অন্তর্বর্তী সরকার প্রতিবন্ধকতা কাটিয়ে বিনিয়োগ বান্ধব পরিবেশ তৈরি করছে: বিডা'র নির্বাহী চেয়ারম্যান

বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষের (বিডা) নির্বাহী চেয়ারম্যান (সিনিয়র সচিব) চৌধুরী আশিক মাহমুদ বিন হারুন বলেছেন, বিডা'র সেবা প্রদানের মানসিকতা আছে শুধু বাস্তবায়েনের ক্ষেত্রে কিছু প্রতিবন্ধকতা রয়েছে। অন্তর্বর্তী সরকার পূর্বের প্রতিবন্ধকতা দূর করে বিনিয়োগ বান্ধব পরিবেশ তৈরি করছে। সরকার ভোগান্তি কমিয়ে নতুন কিছু করতে চায়। আজ শনিবার ২১ ডিসেম্বর সিলেটে বিডা'র আয়োজনে বিভাগীয় কমিশনার কার্যালয়ের সম্মেলন কক্ষে বিভাগীয় বিনিয়োগ ও ব্যবসায় উন্নয়ন সহায়তা কমিটির সাথে মতবিনিময় সভায় প্রধান অতিথির বক্তেব্যে তিনি এসব কথা বলেন। (দৈনিক সিলেটের ডাক, দৈনিক সিলেট মিরর, দৈনিক শুভ প্রতিদিন, দৈনিক শ্যামল সিলেট, দৈনিক সিলেট বাণী, দৈনিক উত্তরপূর্ব, দৈনিক কাজির বাজার, দৈনিক আলোকিত সিলেট প্রমুখ পত্রিকায় এসংক্রান্ত সংবাদ রয়েছে)

০২. পুলিশকে রাজনৈতিক কু-প্রভাবমুক্ত রাখতে চাই: বাংলাদেশ পুলিশের মহাপরিদর্শক

'পুলিশ এখনো মন ভাঙা অবস্থায় আছে'-এ মন্তব্য করে বাংলাদেশ পুলিশের মহাপরিদর্শক (আইজিপি) বাহারুল আলম বলেছেন, গত ১৫ বছর দলীয় স্বার্থ উদ্ধারে পুলিশকে জনবিরোধী কাজে লাগানো হয়েছে। পুলিশ এত নির্মম হতে পারে এটা ধারণা করতে পারি না। এ অবস্থায় পুলিশের কর্মস্পৃহা ফিরিয়ে আনাই বড় চ্যালেঞ্জ। পুলিশ যেন আর রাজনৈতিক কু-প্রভাবে না পড়ে সেজন্য পুলিশ রিফর্মে হাত দেওয়া হয়েছে। তিনি পুলিশ সদস্যদের মানুষের কাছে যাওয়া এবং তাদের আস্থা অর্জনের পরামর্শ দেন। সিলেটে পুলিশের গুলিতে নিহত সাংবাদিক এটিএম তুরাব হত্যাকাণ্ডের জন্য তিনি ক্ষমা প্রার্থনা করেন। শনিবার (২১ ডিসেম্বর) বিকেলে সিলেট মেট্রোপলিটন পুলিশের (এসএমপি) সদর দপ্তরের কনফারেন্স রুমে বিভাগের সকল ইউনিটের কর্মকর্তাদের সঙ্গে মতবিনিময় শেষে সাংবাদিকদের সাথে আলাপকালে এসব মন্তব্য করেন। (দৈনিক সিলেটের ডাক, দৈনিক সিলেট মিরর, দৈনিক শুভ প্রতিদিন, দৈনিক শ্যামল সিলেট, দৈনিক যুগভেরী, দৈনিক জৈন্তা বার্তা, দৈনিক সিলেট বাণী, দৈনিক উত্তরপূর্ব, দৈনিক কাজির বাজার, দৈনিক আলোকিত সিলেট প্রমুখ পত্রিকায় এসংক্রান্ত সংবাদ রয়েছে)

০৩. ছাত্র-আন্দোলনে *শহিদ*দের খসড়া তালিকায় সিলেটের ৩১ জন

বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন ও জুলাই-আগস্টে ছাত্র-জনতার গণঅভ্যুত্থানে শহিদদের প্রথম ধাপের খসড়া তালিকায় সিলেট বিভাগের ৩১ শহিদের নাম প্রকাশিত হয়েছে। গতকাল শনিবার গণঅভ্যুত্থান সংক্রান্ত বিশেষ সেলের দলনেতা অতিরিক্ত সচিব খন্দকার জহিরুল ইসলাম স্বাক্ষরিত এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। শহিদদের তালিকায় সিলেট বিভাগের ৩১ জনের মধ্যে সিলেট জেলার ১৩ জন, হবিগঞ্জের ১৫ জন ও সুনামগঞ্জে ৩ জন শহিদের নাম রয়েছেন। (দৈনিক সিলেটের ডাক, দৈনিক সিলেট মিরর, দৈনিক শুভ প্রতিদিন, দৈনিক শ্যামল সিলেট, দৈনিক জৈন্তা বার্তা, দৈনিক সিলেট বাণী, দৈনিক উত্তরপূর্ব, দৈনিক কাজির বাজার, দৈনিক আলোকিত সিলেট প্রমুখ পত্রিকায় এসংক্রান্ত সংবাদ রয়েছে)

০৪. অফিসের নিয়ম ও ব্যবস্থাপনা মেনে চলার আহ্বান: সিকৃবি উপাচার্য

সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আলিমুল ইসলাম বলেছেন, প্রতিষ্ঠানের গতিশীলতা আনতে অফিসের নিয়ম ও ব্যবস্থাপনা আমাদের মেনে চলতে হবে। বিশ্ববিদ্যালয় পরিবারের সবাই সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়কে নিজের ভাবতে পারলেই সিকৃবিকে আন্তর্জাতিক মানের প্রতিষ্ঠান হিসেবে গড়ে তোলা সম্ভব হবে। গতকাল শনিবার সিকৃবির ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাস্যুরেন্স সেল (আইকিউএসি) এর উদ্যোগে ভেটেরিনারি, এনিম্যাল ও বায়োমেডিক্যাল সায়েন্সেস অনুষদের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত 'অফিস রুলস অ্যান্ড ম্যানেজমেন্ট' শীর্ষক প্রশিক্ষণ কর্মসূচিতে প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন। (দৈনিক সিলেট মিরর, দৈনিক উত্তরপূর্ব, দৈনিক কাজির বাজার প্রমুখ পত্রিকায় এসংক্রান্ত সংবাদ রয়েছে)

০৫. দেশের উন্নয়ন ও অগ্রগতিতে সঠিকভাবে কর ও ভ্যাট প্রদান অত্যন্ত গুরুত্বপূর্ণ: কর কমিশনার

সিলেটের কর কমিশনার সৈয়দ জাকির হোসেন বলেছেন, দেশের সামগ্রিক উন্নয়ন ও অগ্রগতির জন্য সঠিকভাবে কর ও ভ্যাট প্রদান অত্যন্ত গুরুত্বপূর্ণ। বাংলাদেশ অর্থনৈতিকভাবে সমৃদ্ধ হলে সামাজিক নিরাপত্তা শক্তিশালী হবে। সমাজের প্রতিটি স্তরের মানুষের মধ্যে সুষম উন্নয়ন নিশ্চিত হলে দেশ আরো এগিয়ে যাবে। তিনি আরো বলেন, সিলেট জেলা কর আইনজীবী সমিতি গত ৫০ বছরে অত্যন্ত সুনামের সঙ্গে তাদের কার্যক্রম পরিচালনা করে আসছে। (দৈনিক সিলেটের ডাক প্রমুখ পত্রিকায় এসংক্রান্ত সংবাদ রয়েছে)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

আঞ্চলিক তথ্য অফিস, সিলেট

তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়
তথ্য অধিদফতর

সম্পাদকীয়

ক. দৈনিক সিলেট মিরর: বাণিজ্য ঘাটতি পূরণ: কৌশল অবলম্বন করতে হবে।। বাণিজ্য ঘাটতি পূরণের লক্ষ্যে বিভিন্ন সময়ে বিভিন্ন সরকারের পক্ষ থেকে যেসব উদ্যোগ গ্রহণ করা হয়েছে সেসব উদ্যোগের ফলে রপ্তানি আয় যতটা বেড়েছে সে তুলনায় রপ্তানির নাম করে রপ্তানিকারক কর্তৃক রাষ্ট্রীয় তহবিল থেকে কর, শুল্ক ও অন্যান্য আর্থিক সুবিধা গ্রহণের হার বেড়েছে তার চেয়েও অধিক হারে। এতসব সুবিধার বিনিময়ে প্রকৃত রপ্তানি আয় কতটা বেড়েছে তা নিয়ে ভাবার সময় এসেছে। এদিকে ১৯৯১ সাল থেকে বাজার অর্থনীতিতে পুরোপুরিভাবে যুক্ত হওয়ার পর থেকে প্রকাশিত তথ্য অনুযায়ী গত ৩৩ বছরের অধিকাংশ সময় জুড়েই বাংলাদেশের রপ্তানি প্রবৃদ্ধির হার ছিল মোটামুটি সন্তোষজনক। এমনকি কোন কোন বছর এ সন্তুষ্টির মাত্রা ছিল অনেকটাই বিস্ময়কর।

খ. দৈনিক আলোকিত সিলেট: ভূমিসেবায় ভোগান্তি।। ভূমিসংক্রান্ত সেবা পেতে গিয়ে সারা দেশের মানুষকে নানা দুর্ভোগ পোহাতে হয়। বর্তমানে সফটওয়্যার অটোমেশনে নতুন জটিলতার কারণে নামজারি, পরচা, খাজনার রসিদ কাটতে না পারায় সারা দেশে জমি কেনাবেচা অনেকটা বন্ধই রয়েছে। ভুক্তভোগী সেবাগ্রহীতা ও ভূমি অফিসের কর্মীরা বলছেন অনলাইনে ভূমি উন্নয়ন কর ও নামজারি সেবায় দ্বিতীয় প্রজন্মের সফটওয়্যার চালুর পর থেকে এ ভোগান্তি শুরু হয়েছে। গত ১ ডিসেম্বর নতুন সফটওয়্যার চালুর পর প্রতিদিনই নানা সমস্যা দেখা দিচ্ছে। উল্লেখ্য, ভূমিসংক্রান্ত কাজের গতি বাড়াতে পাঁচটি সফটওয়্যার একত্র করে মানোন্নয়ন করা হয়েছে। ১ ডিসেম্বর ভূমি ব্যবস্থাপনা অটোমেশন প্রকল্পের আওতায় চারটি সফটওয়্যারের মানোন্নয়ন এবং একটি নতুন উদ্ভাবিত সফটওয়্যার জনসাধারণের ব্যবহারের জন্য উন্মুক্ত করা হয়।

নিবন্ধ/ফিচার/চিঠিপত্র: শিরোনাম ও লেখকের নাম

ক. আগামী নির্বাচন: নিরপেক্ষতায় করণীয়– এম আর ইসলাম, দৈনিক সিলেট মিরর

খ. যান্ত্রিক সভ্যতা: আশীর্বাদ না অভিশাপ?– আফতাব চৌধুরী, দৈনিক পুণ্যভূমি

গ. ইতিহাসের পাঠ্যবইয়ে, নিজস্ব ভাষ্য থাকা চাই– মাহবুবুর রাজ্জাক, দৈনিক সিলেট বাণী

#

মাসুদ/ডলি/২০২৪/১২.০০ ঘণ্টা

৩৫০/৬, খোজারখলা স্কয়ার,দক্ষিণ সুরমা, সিলেট
সংবাদকক্ষ ঃ ০২৯৯৭৭০১৫৪৩, E-mail : pidsylhet@gmail.com